# বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭

**যে-কোনো ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে**

## "৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর আবেদনপত্র (BPSC Form-1) অনলাইনে পূরণ, SMS-এর মাধ্যমে 'ফি' জমাদান এবং Admit Card প্রাপ্তি" সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা

### সাধারণ নির্দেশনা :

১. অনলাইনে আবেদনপত্র ফরম পূরণের আগে ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর বিজ্ঞপ্তি ও এ নির্দেশনাটি অনুসরণ করে নির্দেশনার প্রতিটি ধাপ ভালোভাবে বুঝে অনলাইনে নির্দেশিত পদ্ধতিতে রেজিস্ট্রেশনের কার্যক্রম শুরু করা সমীচীন হবে। উল্লেখ্য, ফি জমা দেয়ার পর Applicant's Copy তে কোন ভুল তথ্য দে য়া হলে সংশোধনের সুযোগ থাকবে না। কাজেই ফি জমাদানের পূর্বে Preview দেখে নিশ্চিত হয়ে ফি জমা দিবেন।

২. ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর বিজ্ঞপ্তিতে বর্ণিত ক্যাডারসমূহের জন্য আবেদন করতে ইচ্ছুক নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীরা Teletalk BD Ltd.-এর Web Address: http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web Address: www.bpsc.gov.bd এর মাধ্যমে ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর Online Application Form (BPSC Form-1) পূরণ এবং নির্ধারিত ফি জমা দিয়ে রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

৩. BPSC Form-1 যে কোন Browser দিয়ে Open করে ফরম পূরণের কার্যক্রম সম্পন্ন করা যাবে।

৪. ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর বিজ্ঞপ্তিতে বর্ণিত ক্যাডারসমূহের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা না থাকলে কোন প্রার্থী আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী ফি জমা দিয়ে চূড়ান্তভাবে আবেদনপত্র জমা করে Admit Card গ্রহণ করার পর পুনরায় অনলাইনে আবেদন করতে পারবেন না। প্রার্থী মিথ্যা, ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক Admit Card গ্রহণ করলে প্রক্রিয়ার যে কোন স্তরে এরূপ জালিয়াতি প্রমাণ হলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে। ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত নিয়োগ পরীক্ষার সকল পদে আবেদনের জন্য অযোগ্য ঘোষণাসহ উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৫. ওয়েবসাইট ওপেন করলে ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর BPSC Form-1, বিজ্ঞপ্তি, আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনা এবং চাকরির অপশনের ভিত্তিতে প্রণীত **Application Form for General Cadres, Technical/Professional Cadres, General and Technical/Professional Cadres(Both Cadre)** এর আবেদনপত্রের Format-এর বাটন পাওয়া যাবে। কাঙ্ক্ষিত ক্যাটাগরির আবেদনপত্রে ক্লিক করলে সংশ্লিষ্ট BPSC Form-1 দৃশ্যমান হবে।

৬. এ নির্দেশনা অনুযায়ী BPSC Form-1 পূরণের সময় যদি কোন তথ্য অসম্পূর্ণ থাকে তাহলে ফরমের প্রতিটি অংশে এবং চূড়ান্ত Submission-এর পূর্বে ত্রুটিগুলো Message আকারে দৃশ্যমান হবে যা দেখে Previous Button ক্লিক করে সংশ্লিষ্ট অংশে গিয়ে প্রার্থী তা সংশোধন করে নিতে পারবেন।

৭. **Photo and Signature:** Online Application Form -এ Photo এবং Signature আপলোড করার জন্য প্রার্থীর অনধিক তিন মাস পূর্বে তোলা রঙিন Photo (দৈর্ঘ্য×প্রস্থ) ৩০০×৩০০ Pixel-এর কম বা বেশি নয় এবং Photo এর ফাইল সাইজ 100 KB এর বেশি গ্রহণযোগ্য হবে না। **সাদাকালো Photo গ্রহণযোগ্য নয়।** প্রার্থীর Signature (দৈর্ঘ্য×প্রস্থ) ৩০০×৮০ Pixel হতে হবে। ফাইল সাইজ কোনভাবেই 60 KB এর বেশি গ্রহণযোগ্য হবে না। Applicant's Copy তে ছবি ও স্বাক্ষর মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে।

৮. User ID ও Password ভুলে গেলে Home Page-এর Admit Card Menu-তে ক্লিক করলে User ID Recovery ও Password Recovery বাটন দেখা যাবে। উক্ত অপশনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে Submit করলে প্রয়োজনীয় এবং কাঙ্ক্ষিত তথ্যাবলি পাওয়া যাবে। এ ছাড়া, SMS-এর মাধ্যমে নিম্নোক্ত পদ্ধতিতে শুধু Teletalk মোবাইল থেকে Password Recover করা যাবে।

**N.B:** For Lost Password, Please Type BCS<Space> HELP<Space> SSC Board<Space> SSC Roll<Space>SSC Year and Send to 16222

৯. অনলাইনে আবেদনপত্র Submit শেষে ফি জমা দেয়ার পর নিম্নোক্ত কেন্দ্রভিত্তিক রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ অনুযায়ী প্রার্থীকে তার প্রার্থিত কেন্দ্রের জন্য নির্ধারিত রেজিস্ট্রেশন নম্বর প্রদান করা হবে এবং প্রবেশপত্রের নির্ধারিত স্থানে কেন্দ্রের নাম এবং রেজিস্ট্রেশন নম্বর মুদ্রিত থাকবে:

| **কেন্দ্র** | **রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ (বাংলা ভার্সন)** | **রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ (ইংরেজি ভার্সন)** |
|---|---|---|
| ঢাকা | ১১০০০০০১ – ১১৯৯৯৯৯৯ | ১১৮০০০০১ – ১১৮৯৯৯৯৯ |
| রাজশাহী | ১২০০০০০১ – ১২৯৯৯৯৯৯ | ১২৮০০০০১ – ১২৮৯৯৯৯৯ |
| চট্টগ্রাম | ১৩০০০০০১ – ১৩৯৯৯৯৯৯ | ১৩৮০০০০১ – ১৩৮৯৯৯৯৯ |
| খুলনা | ১৪০০০০০১ – ১৪৯৯৯৯৯৯ | ১৪৮০০০০১ – ১৪৮৯৯৯৯৯ |
| বরিশাল | ১৫০০০০০১ – ১৫৯৯৯৯৯৯ | ১৫৮০০০০১ – ১৫৮৯৯৯৯৯ |
| সিলেট | ১৬০০০০০১ – ১৬৯৯৯৯৯৯ | ১৬৮০০০০১ – ১৬৮৯৯৯৯৯ |
| রংপুর | ১৭০০০০০১ – ১৭৯৯৯৯৯৯ | ১৭৮০০০০১ – ১৭৮৯৯৯৯৯ |
| ময়মনসিংহ | ১৮০০০০০১ – ১৮৯৯৯৯৯৯ | ১৮৮০০০০১ – ১৮৮৯৯৯৯৯ |

১০. **BPSC Form-1** পূরণের সকল ধাপ যথাযথভাবে পূরণ সম্পন্ন হলে আবেদনকারী Teletalk হতে একটি User ID পাবেন। উক্ত User ID ব্যবহার করে প্রার্থী এ নির্দেশনার ১২ নম্বর অনুচ্ছেদের নির্দেশ অনুসরণ করে SMS করলে পরীক্ষার ফি জমা দেয়ার নির্দেশনা এবং পরীক্ষার ফি জমা দিতে পারবেন। পরীক্ষার ফি জমাদান সফলভাবে সম্পন্ন হলে আবেদনকারীকে তার মোবাইল নম্বরে টেলিটক থেকে SMS-এর মাধ্যমে কনফারমেশন নোটিশ প্রদান করা হবে এবং ডাটাবেইজের মাধ্যমে আবেদনকারীকে রেজিস্ট্রেশন নম্বর প্রদান করা হবে। ডাটাবেইজে অন্তর্ভুক্ত হওয়ার পর প্রাপ্ত রেজিস্ট্রেশন নম্বরসহ প্রয়োজনীয় তথ্যের সমন্বয়ে আবেদনকারী তার Admit Card ডাউনলোড করে প্রিন্ট করতে পারবেন অথবা নিজ কম্পিউটারে সংরক্ষণ করতে পারবেন।

১১. **Help Line সংশ্লিষ্ট বিষয়**

অতিরিক্ত এবং সর্বশেষ নির্দেশনা ও তথ্য পাওয়ার জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে সতর্কতার সাথে লক্ষ্য রাখতে হবে। এ ছাড়া, ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর বিজ্ঞপ্তির ২.০ নম্বর অনুচ্ছেদের নির্ধারিত তারিখে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে সকাল ১০:০০ মিনিট থেকে বিকাল ৪:০০ মিনিট পর্যন্ত (অফিস চলাকালীন) টেলিটক বাংলাদেশ লি: এর নির্ধারিত ০১৫৫৫৫৫৫১৪৯/০১৫৫৫৫৫৫১৫০/০১৫৫৫৫৫৫১৫১/ ০১৫৫৫৫৫৫১৫২ মোবাইল নম্বরে যোগাযোগ করে কারিগরি যে কোন ধরনের সহায়তা পাওয়া যাবে। ফরম পূরণের আনুষজ্ঞিক নির্দেশনা পেতে ওয়েবসাইটের Help Tab অনুসরণ করা যাবে। এছাড়াও, ভিডিও টিউটোরিয়াল থেকে ফরম পূরণের পূর্ণাঙ্গ ধাপ দেখে নেয়া যাবে। **প্রার্থীদের ভিডিও টিউটোরিয়ালটি মনোযোগের সাথে দেখে তা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।** প্রয়োজনে ই-মেইল করুন (bpsc@teletalk.com.bd)।

১২. **পরীক্ষার ফি জমাদান**

BPSC Form-1 যথাযথভাবে পূরণ করে নির্দেশমতে ছবি এবং স্বাক্ষর আপলোড করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থীকে প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষণ করতে হবে। Applicant's Copy-তে একটি User ID দেয়া থাকবে এবং এ User ID ব্যবহার করে Teletalk Bangladesh Ltd. কর্তৃক SMS-এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুসারে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে Teletalk Pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে SMS করে ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর ফি ৭০০/- (সাতশত) টাকা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, প্রতিবন্ধী এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের জন্য ১০০/- (একশত) টাকা জমা দিবেন এবং Admit Card ডাউনলোড করে প্রিন্ট করতে পারবেন:

**প্রথম SMS:** BCS<space>User ID লিখে send করুন 16222 নম্বরে
Example: BCS QRNTCBTP

**Reply:** Applicant’s Name, Tk-700 (Tk-100 for Ethnic Minority Group, Disabled and Third Gender Group candidates) will be charged as application fee. Your PIN is (8 digit number) 12345678. To pay fee, type BCS<Space>Yes<Space>PIN and send to 16222.

উক্ত SMS প্রাপ্তির পর Teletalk Bangladesh Ltd. হতে প্রার্থীকে স্বাগত জানিয়ে একটি PIN নম্বর প্রদান করা হবে এবং পরীক্ষার ফি জমাদানের নির্দেশ দেয়া হবে। নির্দেশনা অনুযায়ী প্রার্থী ২য় SMS এর মাধ্যমে নিম্নোক্ত পদ্ধতিতে পরীক্ষার নির্ধারিত ফি জমা দিবেন:

**দ্বিতীয় SMS:** BCS<space>yes<space> pin দিয়ে send করুন 16222 নম্বরে
Example : BCS YES 12345678

**Reply:** Congratulations! Applicant’s Name, payment completed successfully for 44th BCS examination-2021. User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx)

**Password হারিয়ে গেলে করণীয়:** For Lost Password, Please Type BCS<Space> HELP<Space> SSC Board<Space> SSC Roll<Space>SSC Year and Send to 16222

**Admit Card** প্রদান: Teletalk Bangladesh Ltd. কর্তৃক SMS-এর মাধ্যমে প্রার্থীর মোবাইল নম্বরে পরীক্ষার ফি জমাদানের Confirmation জানিয়ে প্রার্থীকে User ID এবং Password প্রদান করা হবে। প্রার্থী Online Application Form-এর প্রথম page এ Admit Card মেনুতে User ID এবং Password লিখলে Admit Card দেখতে পাবেন এবং প্রিন্ট ও প্রয়োজন মতো কম্পিউটারে সংরক্ষণ করতে পারবেন।

# অনলাইনে BPSC Form-1 পূরণের পর্যায়ক্রমিক নির্দেশনা:

ওয়েবসাইটের মাধ্যমে Online Application Form ওপেন করলে BPSC Form-1-এর অপশনসহ Instrucations for Submitting Application এর সংশ্লিষ্ট অংশ দেখা যাবে। প্রার্থী Application Form for General Cadres, Technical/Professional Cadres, General and Technical/Professional Cadres (Both Cadre) এর বাটন ক্লিক করলে সংশ্লি ষ্ট BPSC Form-1 দৃশ্যমান হবে। BPSC Form-1 এর নিম্নোক্ত ৩টি অংশ রয়েছে :

(i) **Part-1:** Personal Information

(ii) **Part-2:** Educational Qualifications

(iii) **Part-3:** Cadre Option

**BPSC Form-1 এর বর্ণিত ৩টি অংশ নিম্নোক্ত নির্দেশনা অনুসারে পর্যায়ক্রমে পূরণ করতে হবে। ৩টি অংশ যথাযথভাবে পূরণের পর Application Preview অংশে প্রার্থীর সকল তথ্য দেখা যাবে। Preview-তে প্রার্থী তার পূরণকৃত তথ্য পুঙ্খানুপুঙ্খ পর্যালোচনা করবেন এবং প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্ট অংশে সংশোধন ও সংযোজন করতে পারবেন।**

## Part-1 : Personal Information

**Applicant’s Name:** এ ঘরে এস.এস.সি./সমমানের সার্টিফিকেট অনুযায়ী প্রার্থীকে তাঁর নিজের নাম Capital Letter -এ টাইপ করে পূরণ করতে হবে। এ ঘর কোনভাবেই ফাঁকা রাখা যাবে না।

**Father’s Name:** এ ঘরে Capital Letter এ এস.এস.সি./সমমানের সনদ অনুযায়ী সঠিকভাবে পিতার নাম টাইপ করে পূরণ করতে হবে। এ ঘর কোনভাবেই ফাঁকা রাখা যাবে না।

**Mother’s Name:** এ ঘরে Capital Letter এ এস.এস.সি./সমমানের সনদ অনুযায়ী সঠিকভাবে মাতার নাম টাইপ করে পূরণ করতে হবে। এ ঘর কোনভাবেই ফাঁকা রাখা যাবে না।

**Date of birth** (বয়সসীমা: ১ নভেম্বর ২০২১ তারিখে বয়স)

**প্রার্থীর বয়স:**

ক. মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা/প্রতিবন্ধী এবং বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের প্রার্থী ছাড়া অন্যান্য সকল ক্যাডারের প্রার্থীদের জন্য ২১ হতে ৩০ বছর (জন্ম তারিখ সর্বনিম্ন ০২.১১.২০০০ সর্বোচ্চ ০২.১১.১৯৯১ পর্যন্ত)।

খ. মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা, প্রতিবন্ধী এবং বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের প্রার্থীদের জন্য ২১ হতে ৩২ বছর (জন্ম তারিখ সর্বনিম্ন ০২.১১.২০০০ সর্বোচ্চ ০২.১১.১৯৮৯ পর্যন্ত)।

গ. বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের জন্য শুধুমাত্র ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের বেলায় ২১ হতে ৩২ বছর (জন্ম তারিখ সর্বনিম্ন ০২.১১.২০০০ সর্বোচ্চ ০২.১১.১৯৮৯ পর্যন্ত)।

Date of Birth-এর ঘরে Click করলে দিন-মাস-বছরের তালিকা দৃশ্যমান হবে। উক্ত তালিকা থেকে এস .এস.সি./সমমানের সনদ অনুযায়ী প্রার্থীর জন্মতারিখ Select করলে Database এ প্রার্থীর Date of Birth অন্তর্ভুক্ত হবে। জন্মতারিখ ভুল পূরণ করলে বিজ্ঞপ্তির শর্তানুযায়ী পরবর্তীতে সংশোধনের সুযোগ থাকবে না এবং এরূপ ত্রুটির কারণে প্রার্থিতা বাতিল হবে।

**Gender:**

| | | |
|---|---|---|
| Male = 1 | Female = 2 | Third Gender = 3 |

Male, Female এবং Third Gender যে অপশনটি প্রার্থীর জন্য প্রযোজ্য সেটি Select করলে সংশ্লিষ্ট ক্যাটাগরির তথ্য ডাটাবেইজে অন্তর্ভুক্ত হবে।

**Ethnic minority group:**

| | |
|---|---|
| Yes = 1 | No = 2 |

প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী হলে Yes এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী না হলে No এর বাটন Select করলে সংশ্লিষ্ট ক্যাটাগরির তথ্য ডাটাবেইজে অন্তর্ভুক্ত হবে।

**Disability:**

| | | |
|---|---|---|
| None | Visually Disabled =1 | Physically Disabled=2 |

প্রার্থী প্রতিবন্ধী হলে যথা ক্রমে Visually Disabled, Physically Disabled Button Select করলে ডাটাবেইজে অন্তর্ভুক্ত হবে। প্রার্থী প্রতিবন্ধী না হলে None Button Select করতে হবে।

**বি: দ্র: ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বা প্রতিবন্ধী প্রার্থী না হয়েও কোন প্রার্থী ১০০/- (একশত) টাকা ফি জমা দিয়ে ফরম পূরণ শেষে Admit Card গ্রহণ করলে লিখিত বা মৌখিক পরীক্ষার পুর্বে বা পরে যে কোন পর্যায়ে তা ধরা পড়লে বিজ্ঞপ্তির শর্তানুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।**

**Employment status:** এ ঘরের বাটন ক্লিক করলে নিম্নোক্ত ৯টি অপশন দৃশ্যমান হবে :

| | |
|---|---|
| 1=Not Employed.<br>2=Regular basis under Revenue budget.<br>3=Ad-hoc basis in non cadre post under revenue budget.<br>4=Temporary basis under revenue budget.<br>5=Work-charged basis under revenue budget. | 6=Temporary basis under development project.<br>7=Work-charged basis under development project.<br>8= Autonomous/Semi autonomous organisation.<br>9= Private organisation. |

ওপরের ৯টি অপশনের মধ্যে যে অপশনটি প্রার্থীর জন্য প্র যোজ্য সেটি Select করলে প্রযোজ্য অপশনটির তথ্য ডাটাবেইজে অন্তর্ভুক্ত হবে।

**Freedom Fighter Status:** এ ঘরের রেডিও বাটন ক্লিক করলে নিম্নোক্ত ৪টি অপশন দৃশ্যমান হবে:

| |
|---|
| 1=Freedom Fighter |
| 2=Child of Freedom Fighter |
| 3=Grand Child of Freedom Fighter |
| 4=None |

ওপরে প্রদর্শিত ০৪টি অপশনের মধ্যে প্রার্থী র জন্য প্রযোজ্য অপশন Select করলে Freedom Fighter Status এর ঘরে সংশ্লিষ্ট অপশনটি ডাটাবেইজে অন্তর্ভুক্ত হবে।

**Marital status:** প্রার্থী married হলে married অংশ select করে spouse এর নাম এ ঘরে নির্ভুলভাবে টাইপ করতে হবে। Married না হলে 'single' অংশ select করতে হবে।

**Height, Weight and Chest:** প্রার্থীকে অনলাইন ফরমের নির্ধারিত স্থানে উচ্চতা (Height) সেন্টিমিটারে, ওজন (Weight) কে.জি. তে এবং বুকের মাপ (Chest) সেন্টিমিটারে উল্লেখ করতে হবে। Height, Weight এবং Chest এর নির্দিষ্ট ঘরে প্রার্থীর উচ্চতা (Height), ওজন (Weight) এবং বুকের মাপ (Chest) Select করলে ডাটাবেইজে অন্তর্ভুক্ত হবে।

| ক্রমিক নম্বর | ক্যাডার | প্রার্থী | ন্যূনতম উচ্চতা | ন্যূনতম ওজন |
|---|---|---|---|---|
| ক. | বি.সি.এস. (পুলিশ) এবং বি.সি.এস. (আনসার) ক্যাডারের জন্য | পুরুষ | ১৬২.৫৬ সে. মি. | ৫৪.৫৪ কে.জি. |
| | | মহিলা | ১৫২.৪০ সে. মি. | ৪৫.৪৫ কে.জি. |
| খ. | অন্যান্য ক্যাডারের জন্য | পুরুষ | ১৫২.৪০ সে. মি. | ৪৫.০০ কে.জি. |
| | | মহিলা | ১৪৭.৩২ সে. মি. | ৪০.০০ কে.জি. |

**Nationality:** ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর বিজ্ঞপ্তির ৪.০ নম্বর অনুচ্ছেদের শর্তানুযায়ী চাকরির জন্য জন্মসূত্রে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে। সে ক্ষেত্রে Nationality এর ঘরে দৃশ্যমান Bangladeshi এর বাটন এ ক্লিক করলেই Bangladeshi শব্দটি ডাটাবেইজে অন্তর্ভুক্ত হবে।

**National ID:** প্রার্থী অনলাইন আবেদনপত্রের নির্ধারিত স্থানে জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর উল্লেখ করবেন এবং মৌখিক পরীক্ষার বোর্ডে NID এর সত্যায়িত কপি জমা দিবেন।

**Present এবং Permanent Address:** বর্তমান ও স্থায়ী ঠিকানার (Present & Permanent Address) ঘরে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করে প্রার্থী তার বর্তমান এবং স্থায়ী ঠিকানার (Present & Permanent Address) ঘরগুলো যথাযথভাবে পূরণ করবেন। ঠিকানা ভুল করলে বিজ্ঞপ্তির শর্তানুযায়ী পরবর্তীতে সংশোধনের সুযোগ থাকবে না।

**Home district**: প্রার্থী যে জেলার স্থায়ী বাসিন্দা সে জেলাকে Select করলে কাঙ্ক্ষিত জেলার নাম ডাটাবেইজে অন্তর্ভুক্ত হবে।

## জেলা কোড :

**Rangpur Division**

01= Panchagar
02= Thakurgaon
03= Dinajpur
04= Nilphamari
05= Lalmonirhat
06= Rangpur
07= Kurigram
08= Gaibandha

**Rajshahi Division**

09= Joypurhat
10= Bogura
11= Naogaon
12= Natore
13= Chapinawabganj
14= Rajshahi
15= Sirajganj
16= Pabna

**Khulna Division**

17= Kushtia
18= Meherpur
19= Chuadanga
20= Jhenaidah
21= Magura
22= Narail
23= Jashore
24= Satkhira
25= Khulna
26= Bagerhat

**Barisal Division**

27= Pirojpur
28= Jhalakati
29= Barishal
30= Bhola
31= Patuakhali
32= Barguna

**Mymensingh Division**

33= Netrokona
34= Mymensingh
35= Sherpur
36= Jamalpur

**Dhaka Division**

37= Tangail
38= Kishoreganj
39= Manikganj
40= Dhaka
41= Gazipur
42= Narsinghdi
43= Narayanganj
44= Munshiganj
45= Faridpur
46= Rajbari
47= Gopalganj
48= Madaripur
49= Shariatpur

**Sylhet Division**

50= Sunamganj
51= Sylhet
52= Moulvibazar
53= Habiganj

**Chattogram Division**

54= Brahmanbaria
55= Cumilla
56= Chandpur
57= Lakshmipur
58= Noakhali
59= Feni
60= Chattogram
61= Cox's Bazar
62= Khagrachhari
63= Rangamati
64= Bandarban

**Contact Mobile Number:** প্রার্থী কর্তৃক অনলাইনে আবেদনপত্র পূরণ, পরীক্ষার ফি জমাদানের জন্য টেলিটক বাংলাদেশ লি. এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক প্রদেয় পরীক্ষা সংক্রান্ত SMS, বিভিন্ন নির্দেশনা, Password, পরীক্ষাসূচি, ফলাফল ইত্যাদি প্রাপ্তির জন্য Contact Mobile Number এর ঘরে প্রার্থীকে তার মোবাইল নম্বরটি সতর্কতার সাথে টাইপ করতে হবে। কমিশন থেকে পরীক্ষা সংক্রান্ত তথ্য প্রাপ্তির জন্য এ নম্বরটি সব সময় সচল রাখতে হবে।

**Examination Centre :** Examination Centre-এর ঘরে ক্লিক করলে নিম্নোক্ত ৮টি পরীক্ষা কেন্দ্রের নাম দৃশ্যমান হবে :

| | | | |
|---|---|---|---|
| 1=Dhaka | 2=Rajshahi | 3=Chattogram | 4=Khulna |
| 5=Barishal | 6=Sylhet | 7=Rangpur | 8=Mymensingh |

প্রার্থী যে কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক সে কেন্দ্রের নাম Select করতে হবে। পরবর্তীতে কোনভাবেই পরীক্ষা কেন্দ্র পরিবর্তন করা যাবে না।

**Question Version:** প্রিলিমিনারি টেস্টের প্রশ্নপত্র বাংলা ও ইংরেজি উভয় ভার্সনেই মুদ্রিত থাকবে। প্রিলিমিনারি টেস্টে প্রার্থী যে কোন ভার্সনে অংশগ্রহণ করতে পারবেন। প্রার্থী ইংরেজি ভার্সনে পরীক্ষা দিতে আগ্রহ প্রকাশ করে অনলাইন ফরমে ভার্সন পছন্দক্রমের বক্সে টিক চিহ্ন (✓) দেবেন।

## Part-2: Educational Qualifications

### S.S.C. or Equivalent:

**Examination:** প্রার্থী Examination-এর ঘরে প্রযোজ্য পরীক্ষার নামের ঘর Select করলে সংশ্লিষ্ট পরীক্ষার নাম ডাটাবেইজে অন্তর্ভুক্ত হবে। উল্লেখ্য, Examination-এর ঘর কোনভাবেই ফাঁকা রাখা যাবে না।

| | | | |
|---|---|---|---|
| 1=S.S.C. | 2=Dakhil | 3=S.S.C. Vocational | 4=O Level/Cambridge |
| 5=S.S.C. Equivalent | | | |

**Board:** Board এর ঘরে ক্লিক করলে নিম্নোক্ত বিভিন্ন শিক্ষা বোর্ডের নামসমূহ দৃশ্যমান হবে। প্রার্থীর জন্য প্রযোজ্য বোর্ড Select করলে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নাম ডাটাবেইজে অন্তর্ভুক্ত হবে। তালিকায় কোন বোর্ড প্রযোজ্য না হলে Others ক্লিক করতে হবে।

| | | |
|---|---|---|
| 1=Dhaka | 2=Cumilla | 3=Rajshahi |
| 4=Jashore | 5=Chattogram | 6=Barishal |
| 7=Sylhet | 8=Dinajpur | 9=Madrasha |
| 10=Technical | 11=Cambridge International IGCE | 12=Edexcel International |
| 20=Others | | |

**S.S.C. Roll:** এ ঘরে প্রার্থী তার এস.এস.সি./সমমানের পরীক্ষার Roll Number নির্ভুলভাবে টাইপ করবেন।

**Result (S.S.C./Equivalent)**: Result-এর ঘরে ক্লিক করলে Division/GPA/CGPA-এর ৫টি অপশন দৃশ্যমান হবে। প্রার্থীর Result Division ভুক্ত হলে তিনি প্রাপ্ত Division Select করলে তা ডাটাবেইজে অন্তর্ভুক্ত হবে। প্রার্থীর Result GPA/CGPA ভুক্ত হলে GPA /CGPA 4/5-এর মধ্যে কত পয়েন্ট পেয়েছেন তা স্পষ্ট করে এ ঘরে টাইপ করতে হবে। উদাহরণস্বরূপ, কোন প্রার্থী GPA/CGPA 4-এর মধ্যে 3.5 পেলে তিনি লিখবেন GPA/CGPA 3.5

| | | |
|---|---|---|
| 1=First Division | 2=Second Division | 3=Third Division |
| 4=GPA/CGPA in Scale 4 | 5=GPA/CGPA in Scale 5 | |

শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৩/২০১০ তারিখের শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ নং প্রজ্ঞাপন অনুযায়ী এস.এস.সি. ও সমমান পরীক্ষার ক্ষেত্রে পরীক্ষা পাসের প্রচলিত জিপিএ এর সাথে সনাতন পদ্ধতির বিভাগ এর নিম্নরূপ সামঞ্জস্য বিধান কার্যকর হবে:

| |
|---|
| 1= First Division = GPA 3.00 or above |
| 2= Second Division = GPA 2.00 or above but below 3.00 |
| 3=Third Division = GPA 1.00 or above but below 2.00 |

**Group:** এ ঘরে Select করলে S.S.C. or Equivalent পরীক্ষার নিম্নোক্ত ৪টি গ্রুপ দৃশ্যমান হবে। প্রার্থী যে গ্রুপ থেকে পাস করেছেন সেটির ওপর ক্লিক করলে কাঙ্ক্ষিত গ্রুপটি ডাটাবেইজে অন্তর্ভুক্ত হবে। দৃশ্যমান ৩টি গ্রুপের বাইরে হলে Others Select করতে হবে।

| | | |
|---|---|---|
| 1=Science<br>9=Others | 2=Humanities | 3=Commerce |

**Passing Year:** এ ঘরে Select করলে Passing Year এর তালিকা দৃশ্যমান হবে। প্রার্থী S.S.C. সার্টিফিকেট অনুযায়ী পাসের বছর Select করলে সেটির তথ্য ডাটাবেইজে অন্তর্ভুক্ত হবে।

**H.S.C. or Equivalent:** প্রার্থী S.S.C. or Equivalent এর প্রতিটি ঘর যেভাবে পূরণ করেছেন অনুরূপ নির্দেশনা অনুসরণ করে H.S.C. or Equivalent এর ঘরসমূহ একইভাবে পূরণ করতে হবে।

## Graduation:

**Examination:** প্রার্থী Examination এর ঘর Select করলে নিম্নোক্ত ডিগ্রির অপশনসমূহ দৃশ্যমান হবে। প্রার্থীর জন্য প্রযোজ্য ডিগ্রির অপশন Select করলে সংশ্লিষ্ট পরীক্ষার নাম Examination এর ঘরের ডাটাবেইজে অন্তর্ভুক্ত হবে। তালিকায় বর্ণিত কোন ডিগ্রি প্রযোজ্য না হলে Others Select করে তার অর্জিত ডিগ্রির অপশনটি টাইপ করে লিখতে হবে। তালিকায় দৃশ্যমান Others Group Technical Cadre-এর ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

| |
|---|
| 1=B.Sc.(Engineering/Architecture)<br>2=B.Ag.(Agricultural Sciences)/Animal Husbandry/Vaterinary Science.<br>3=M.B.B.S/B.D.S<br>4=Honours<br>5=Pass Course<br>6=A&B Section of A.M.I.E.<br>9=Others |

**Subject/Degree:**
**Subjects of Four years Bachelor and Master's degree and code number:**

ক. নিম্নোক্ত তালিকায় Bachelor এবং Master's Degree-এর Subject সমূহকে General, Agriculture, Engineering & Medical Science এ ৪টি গ্রুপে ভাগ করা হয়েছে। Subject এর ঘরে ক্লিক করলে ডিগ্রির বিষয়ের তালিকাটি দৃশ্যমান হবে। প্রার্থীর জন্য প্রযোজ্য গ্রুপের বিষয়টি Select করলে Subjectটি কোড নম্বরসহ এ ঘরে ডাটাবেইজে অন্তর্ভুক্ত হবে।

খ. ৪টি গ্রুপের মধ্যে প্রার্থীর জন্য প্রযোজ্য গ্রুপে প্রার্থীর অর্জিত ডিগ্রির Subject না থাকলে তিনি সংশ্লিষ্ট গ্রুপের 999-Others Select করে তার অর্জিত Subject এর নাম টাইপ করে লিখতে হবে।

## 1. General

| | | |
|---|---|---|
| 101= Accounting | 130= Islamic History and Culture | 159= Statistics |
| 102= Anthropology | 131= Islamic Studies | 160= Tafsir |
| 103= Applied Chemistry | 132= Information Com. Tech. (ICT) | 161= Urdu |
| 104= Applied Physics | 133= Mass Commn. & Journalism | 162= Urban Development |
| 105= Applied Mathematics | 134= Law/Jurisprudence | 163= World Religion |
| 106= Arabic | 135= Library & Information Science | 164= Women Studies |
| 107= Archaeology | 136= Language/Linguistic | 166= Zoology |
| 108= Bangla | 137= Management | 167= Genetic and Breeding |
| 109= Banking | 138= Marketing | 168= International Law |
| 110= Biochemistry | 139= Mathematics | 169= Akaid |
| 111= Botany | 140= Microbiology | 170= Graphics |
| 112= Business Administration | 141= Marine Science | 171= Fikha |
| 113= Chemistry | 142= Medical Technology | 172= Modern Arabic |
| 114= Computer Science | 143= Pali | 173= History of Music |
| 115= Clinical Psychology | 144= Persian | 174= Drawing and painting |
| 116= Drama & Music | 145= Pharmacy | 175= Industrial Arts |
| 117= Development Studies | 146= Philosophy | 177= Forestry |
| 118= Economics | 147= Physics | 178= Nursery School and Child Development |
| 119= Education | 148= Political Science/Govt. & Politics | 179= Child Development |
| 120= English | 149= Psychology | 180= Home management and Housing |
| 121= Finance | 150= Public Administration | 181= Food and Nutrition |

| | | |
|---|---|---|
| 122= Fine Arts | 151= Public Finance | 182= Related Art |
| 123= Folklore | 152= Population Science | 183= Clothing & Textile |
| 124 = Geography | 153= Peace & Conflict | 184= Institutional Food Management |
| 125= Geology | 154= Pharmaceutical Chemistry | 185= Environment Science |
| 126= History | 155= Sanskrit | 186= Folk Song |
| 127= Home Economics | 156= Social Welfare/ Social Work | 187= Classic Music |
| 128= Hadit | 157= Sociology | 188= Tagore Song |
| 129= International Relations | 158= Soil Water & Environment Science | 189= Nazrul Song |
| 991= B.A (Pass Course) | 992= B.S.S (Pass Course) | 190= Instrumental Music |
| 993= B.SC (Pass Course) | 994= B.Com (Pass Course) | |
| 995= L.L.B (Pass Course) | 501= Bachelor of Homeopathic Medicine & Surgery (BHMS) | |
| 502= Bachelor of Ayurvedic Medicine & Surgery (BAMS) | 503= Bachelor of Unani Medicine & Surgery (BUMS) | 999= Others |

## 2. Agriculture

| | | |
|---|---|---|
| 201= Agriculture | 218= Animal Nutrition | 238= Food Tech. and Rural Industry |
| 202= Agriculture Chemistry | 220= Agriculture Water Management | 239= Farm Structure |
| 203= Agriculture Co-operatives | 221= Agriculture Extension | 240= Genetic and Breeding |
| 204= Agriculture Economics | 223= Agro Forestry | 241= Horticulture |
| 205= Agriculture Engineering | 225= Agriculture Statistics | 242= Livestock |
| 206= Agriculture Finance | 226= Agr. Co-operative & Marketing | 243= Microbiology & Hygienic |
| 207= Agriculture Marketing | 227= Bio-Technology | 244= Production Economics |
| 208= Agriculture Science | 228= Crop Botany | 245= Plant Pathology |
| 209= Agriculture Soil Science | 229= Diary Science | 246= Paratrology |
| 210= Animal Husbandry | 230= Veterinary Science | 247= Poultry Science |
| 211= Agronomy & Aquaculture | 231= Fisheries | 248= Rural Sociology |
| 212= Agronomy & Agriculture Extension | 232= Fisheries & Aquaculture | 249= Surgery and Obstate |
| 213= Anatomy and Histology | 233= Fisheries Biology | 250= Agriculture Business |
| 214= Agronomy | 234= Fisheries management | 251= Agriculture Business Administration |
| 215= Anatomology | 235= Fisheries Technology | 252= Agriculture Marketing Related Subject |
| 216= Animal Breeding & Genetic | 236= Forestry | 999= Others |
| 217= Animal Science | 237= Farm Power & Machinery | |

## 3. Engineering

| | | |
|---|---|---|
| 301= Architecture | 312= Mechanical | 323= Tele-Communication Eng. |
| 302= Chemical | 313= Metallurgy | 324= Computer science and engineering |

| | | |
|---|---|---|
| 303= Civil | 314= Mineral | 325= Microwave Engineering |
| 304= Computer | 315= Mining | 326= A&B Section of A.M.I.E. |
| 305= Electrical | 316= Naval Architecture | 327= Ceramic |
| 306= Electrical & Electronics | 317= Physical Planning | 328= Food Engineering |
| 307= Electronic | 318= Regional Planning | 329= Glass |
| 308= Genetic Engineering | 319= Structural | 330= Graphics Design |
| 309= Industrial | 320= Textile Technology | 331= Printing Technology |
| 310= Leather Technology | 321= Town Planning | 999= Others |
| 311= Marine | 322= Urban Planning | |

## 4. Medical Science

| | | |
|---|---|---|
| 391= Medicine & Surgery | 392= Dental Surgery | 999= Others |

**University/Institute/College:** এ ঘরে ক্লিক করলে বিভিন্ন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের নাম দৃশ্যমান হবে। প্রার্থী যে প্রতিষ্ঠান থেকে ডিগ্রি অর্জন করেছেন সেই শিক্ষা প্রতিষ্ঠানের নামটি Select করলে তা ডাটাবেইজে অন্তর্ভুক্ত হবে। দৃশ্যমান তালিকায় যদি কাঙ্ক্ষিত শিক্ষা প্রতিষ্ঠানের নাম না থাকে তাহলে Others নির্বাচন করতে হবে অথবা ডিগ্রি প্রদানকারী প্রতিষ্ঠানের নাম এ ঘরে টাইপ করে দিতে হবে।

**Result: (Bachelor/Equivalent)**: Result-এর ঘরে ক্লিক করলে Division/GPA/CGPA এর ৮টি অপশন দৃশ্যমান হবে। প্রার্থীর Result Division ভুক্ত হলে তিনি প্রাপ্ত Division এ ক্লিক করলে সেটির তথ্য ডাটাবেইজে অন্তর্ভুক্ত হবে। প্রার্থীর Result GPA/CGPA ভুক্ত হলে GPA/CGPA 4/5 এর মধ্যে কত পয়েন্ট পেয়েছেন তা স্পষ্ট করে এ ঘরে টাইপ করতে হবে। উদাহরণস্বরূপ, কোন প্রার্থী GPA/CGPA 5 এর মধ্যে 4.5 পেলে তিনি লিখবেন GPA/CGPA 4.5। Appeared প্রার্থীকে Appeared Option ক্লিক করতে হবে। প্রার্থী Appeared হলে Result এর ঘরে Division/GPA/CGPA লেখার প্রয়োজন নেই। Appeared প্রার্থী হিসেবে প্রার্থী কর্তৃক কোড ৬ পূরণ করা হলে Exam Starts এবং Exam Ends সংক্রান্ত অংশ Visible হবে। পরীক্ষা শুরু এবং শেষ হওয়ার তারিখ প্রার্থীকে এ অংশে টাইপ করে লিখতে হবে।

| | | |
|---|---|---|
| 1=First Class/Division | 2=Second Class/Division | 3=Third Class/Division |
| 4= GPA/CGPA in Scale 4 | 5=GPA/CGPA in Scale 5 | 6=Appeared |
| 7=Pass(medical/Dental)/Equivalent | 8=Others | |

শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ তারিখের শিম/শাখাঃ১১/৫-১(অংশ)/৫৮২ নং প্রজ্ঞাপন অনুযায়ী অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সি.জি.পি.এ.-এর ক্ষেত্রে

ক. বিশ্ববিদ্যালয় যে স্কেলে (৪ অথবা ৫) সি.জি.পি.এ. প্রদান করে সেই সি .জি.পি.এ. স্কেলকে ৮০% এর সমান নম্বর ধরতে হবে;

খ. উক্ত নম্বরের অনুপাতে অর্জিত সি.জি.পি.এ. এর নম্বরকে শতকরা নম্বরে রূপান্তর করতে হবে;

গ. উল্লিখিত পদ্ধতিতে রূপান্তরিত শতকরা নম্বরের ভিত্তিতে নিম্নরূপ বিভাগ/শ্রেণি নির্ধারণ করতে হবে:

| নিরূপিত নম্বর ব্যাপ্তি (শতকরা হারে) | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|
| ৬০% বা তদুর্ধ্ব | প্রথম শ্রেণি/বিভাগ |
| ৪৫% ততোধিক কিন্তু ৬০% এর কম | দ্বিতীয় শ্রেণি/বিভাগ |
| ৩৩% ততোধিক কিন্তু ৪৫% এর কম | তৃতীয় শ্রেণি/বিভাগ |

অর্থাৎ কোন বিশ্ববিদ্যালয় কর্তৃক ৪ অথবা ৫ স্কেলে সি.জি.পি.এ. প্রদত্ত হয়ে থাকলে, উল্লিখিত (ক) ও (খ) অনুসারে শতকরা হার নিরূপণের জন্য নিম্নের সূত্রটি ব্যবহার করতে হবে:

| | | | |
|---|---|---|---|
| সূত্রঃ | $\frac{৮০}{\text{বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুসৃত সি.জি.পি.এ. স্কেল (ক্ষেত্রমত, ৪ বা ৫)}}$ | **x** | অর্জিত সি.জি.পি.এ.= অর্জিত শতকরা নম্বর |

**উদাহরণ:** কোন শিক্ষার্থী সি.জি.পি.এ. ৪.০০ স্কেলে ৩.০০ পেয়ে থাকলে তার অর্জিত শ্রেণি/বিভাগ হবে নিম্নরূপ:

$\frac{৮০}{৪}$ x ৩=৬০%; অর্থাৎ তার অর্জিত ফলাফল প্রথম শ্রেণি/বিভাগ বলে গণ্য হবে।

কোন শিক্ষার্থী সি.জি.পি.এ. ৫.০০ স্কেলে ৩.০০ পেয়ে থাকলে তার অর্জিত শ্রেণি/বিভাগ হবে নিম্নরূপ:

$\frac{৮০}{৫}$ x ৩=৪৮%; অর্থাৎ তার অর্জিত ফলাফল দ্বিতীয় শ্রেণি/বিভাগ বলে গণ্য হবে।

**Passing Year:** এ ঘরে Select করলে Passing Year এর তালিকা দৃশ্যমান হবে। প্রার্থী ব্যাচেলর ডিগ্রির সার্টিফিকেট অনুযায়ী পাসের বছরটি Select করলে সেটির তথ্য ডাটাবেইজে অন্তর্ভুক্ত হবে।

**Course Duration:** এ ঘরে ক্লিক করলে ডিগ্রির সময়কাল দৃশ্যমান হবে। প্রার্থীর ডিগ্রির Duration 4 বছর হলে তিনি 04 বছর Select করবেন এবং ডিগ্রির Duration 5 বছর হলে তিনি 05 বছর Select করবেন।

**Master's degree:** প্রার্থী উচ্চতর Master's Degree করে থাকলে Bachelor Level এর প্রতিটি ঘর যেভাবে পূরণ করা হয়েছে অনুরূপ নির্দেশনা অনুসরণ করে Master's ডিগ্রির ঘরসমূহ একইভাবে পূরণ করতে হবে।

**Post related subject code :** যে সমস্ত প্রার্থী Technical/Professional অথবা Both ক্যাডারের জন্য আবেদন করবেন তাদের Bachelor/Master's এর ঘরে তারা যে বি ষয়ে Bachelor/Master's ডিগ্রি করেছেন সে Subejct এর সঙ্গে Match করে Post Related Subject এর নাম এবং কোড দেখাবে। উক্ত তালিকা থেকে Select করে Post Related Subject এর উপর ক্লিক করলে Post Related বিষয়ের নাম ও কোড ডাটাবেইজে অন্তর্ভুক্ত হবে।

পাসকোর্সে ব্যাচেলর ডি গ্রিধারী কোন প্রার্থী মাস্টার্স ডিগ্রিতে প্রথম শ্রেণি প্রাপ্ত হলে প্রার্থী যে বিষয়ে মাস্টার্স ডিগ্রি করেছেন কারিগরি/পেশাগত ক্যাডারের ক্ষেত্রে সে বিষয়কে Post Related বিষয় হিসেবে গণ্য করে তার কারিগরি /পেশাগত ক্যাডার নির্ধারণ হবে। পাস কোর্সের এরূপ প্রার্থীকে মাস্টার্স ডিগ্রির বিষয়ের সঙ্গে মিল রেখে Post Related ঘরের দৃশ্যমান তালিকা থেকে বিষয়কোড Select করতে হবে।

## Part-3: Cadre Option

বিজ্ঞাপিত শিক্ষা গত যোগ্যতার শর্ত পূরণ করলে এ ঘরে বিজ্ঞাপিত General Cadre এ আবেদনকারীদের জন্য শুধু General Cadre এর নামসমূহ দৃশ্য মান হবে। শুধু Technical/Professional Cadre প্রার্থীগণ শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে General Cadre ব্যতীত Technical/Professional Cadre অপশন পাবেন এবং Both Cadre প্রার্থীগণের জন্য General ও Technical/Professional উভয় Cadre এর অপশনসমূহ দৃশ্যমান হবে। Add Option Button ব্যবহার করে দৃশ্যমান ক্যাডার তালিকা থেকে পছন্দানুযায়ী ক্যাডার Select করলে কাঙ্ক্ষিত তালিকায় অন্তর্ভুক্ত হবে। কাঙ্ক্ষিত ক্যাডারসমূহের ক্রম অবস্থান পরিবর্তন করতে চাইলে প্রার্থী Add Option বাটন ব্যবহার করে ক্যাডারের ক্রম অবস্থান ও পরে-নিচে করতে পারবেন অথবা Up arrow এবং Down arrow এর মাধ্যমে ক্যাডার সমূহের ক্রম অবস্থান পরি বর্তন করতে পারবেন। কোন ক্যাডার অপশন বাতিল করতে চাইলে Remove Option এর বাটনের মাধ্যমে তা বাতিল করে পুনরায় Add Option বাটন ব্যবহার করে ক্যাডার নির্বাচন করতে পারবেন। Both Cadre এর প্রার্থীরা বিজ্ঞপ্তিতে ক্যাডার পদ উল্লেখ থাকা সাপেক্ষে সর্বোচ্চ ২০টি ক্যাডার নির্বাচন করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র জমাদান সম্পন্ন হলে আবেদনপত্রে প্রদত্ত ক্যাডার অপশন আর পরিবর্তন করা যাবে না এবং নতুন কোন ক্যাডার পদের নামও যোগ করা যাবে না।

# Application Preview

প্রার্থী কর্তৃক BPSC Form-1- এর Part-1, Part-2, এবং Part-3-তে যে সমস্ত তথ্য পূরণ করা হয়েছে **Application Preview** তে সেগুলো ক্রমানুসারে দেখা যাবে। Personal Information, Educational Qualification এবং Cadre Choice ঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা Preview দেখে পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করে কোন ভুল -ত্রুটি থাকলে Edit Option এর মাধ্যমে সংশোধন করা যাবে। পরীক্ষার ফি জমাদানের পর আবেদনপত্রে আর কোন সংশোধন করা যাবে না।

**Applicant's interest of Non-Cadre Posts:** লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সত্ত্বেও পদস্বল্পতা র কারণে বিজ্ঞাপিত ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত হবেন না তাদের মধ্যে যে সকল প্রার্থী নন-ক্যাডার পদে সুপারিশ পেতে ইচ্ছুক তারা এ ঘরে ক্লিক করলে নিম্নোক্ত ৪টি অপশন দৃশ্যমান হবে এবং পছন্দের অপশনটি Select করতে পারবেন:

| |
|---|
| 1=Grade-9 |
| 2=Grade-10 to 13 |
| 3=Both |
| 4=None |

ওপরের ৪টি অপশনের মধ্যে যে অপশনটি প্রার্থীর জন্য প্রযোজ্য সেটি Select করলে সংশ্লিষ্ট ক্যাটাগরির তথ্য ডাটাবেইজে অন্তর্ভুক্ত হবে।

**Validation Code :** বিজ্ঞপ্তিতে তথ্য চূড়ান্ত হওয়ার পর Validation Code টাইপ করে নির্ধারিত মাপের ছবি এবং স্বাক্ষর আপলোড করে Submit The Application Button এর মাধ্যমে ফরম Submit করতে হবে।
Application Form চূড়ান্তভাবে Submit হওয়ার পর স্বাক্ষর ও ছবিসহ BPSC Form-1 দেখা যাবে। উক্ত BPSC Form-1 এ প্রার্থীর প্রয়োজনীয় তথ্য থাকবে। প্রার্থীকে অবশ্যই BPSC Form-1 ফাইলটি Print করে অথবা Save করে সযত্নে সংরক্ষণ করতে হবে। কারণ উক্ত ফরমে User ID নম্বর থাকবে যার দ্বারা Teletalk Pre-paid মোবাইলের মাধ্যমে SMS করে পরীক্ষার ফি প্রদান করতে হবে। যে সমস্ত প্রার্থী ফি প্রদান করার পর Confirmation পাবেন তারাই শুধু Admit Card প্রিন্ট করতে পারবেন এবং পরবর্তী সময়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

# Compulsory Subject Code এবং Post Related Subject Code

Professional/Technical Cadre-এর প্রার্থীদেরকে সংশ্লিষ্ট পদের প্রাসঙ্গিক বিষয়ে ২০০ নম্বরের একটি বিষয়ে ৪ ঘণ্টা সময়ের লিখিত পরীক্ষা দিতে হবে। কোন প্রার্থী General Cadre এবং Professional/Technical উভয় ক্যাডারের পরীক্ষা দিতে ইচ্ছুক হলে তাকে General Cadre এর জন্য নির্ধারিত Compulsory বিষয়াবলি এবং তৎসহ সংশ্লিষ্ট Professional/Technical ক্যাডারের সংশ্লিষ্ট পদের প্রাসঙ্গিক বিষয়ের ২০০ নম্বরের ৪ ঘণ্টার লিখিত পরীক্ষা দিতে হবে। প্রার্থী শুধু Technical অথবা General Cadre এবং Professional/Technical ক্যাডারের অপশন দিলে তিনি যে সকল Professional/Technical (Both) ক্যাডারের অপশন দিয়েছেন বিজ্ঞপ্তিতে উল্লেখিত সে সকল Professional/ Technical ক্যাডারের পাশে বর্ণিত Technical Post Related বিষয়ের নাম এবং Code no. নিম্নের তালিকায় উল্লেখ রয়েছে :

### লিখিত পরীক্ষায় Compulsory Subject এর নাম এবং কোডসমূহ

| Name of Subject | Code No. |
|---|---|
| Bangla Part-I | 001 (For Technical/Professional Cadre) |
| Bangla Part-II | 002 (For General and Technical/Professional Cadre) |

| | |
|---|---|
| English | 003 (For General and Technical/Professional Cadre) |
| Bangladesh Affairs | 005 (For General and Technical/Professional Cadre) |
| International Affairs | 007 (For General and Technical/Professional Cadre) |
| Mathematical Reasoning | 008 (For General and Technical/Professional Cadre) |
| Mental Ablitty | 009 (For General and Technical/Professional Cadre) |
| General Science & Technology | 010 (For General and Technical/Professional Cadre) |

## Codes for Professional/Technical Cadres Post Related Subjects (Groupwise)

**General Subjects Group**

| Post related subject code no. | Subjects Name |
|---|---|
| 111 | Bangla |
| 121 | English |
| 131 | Arabic |
| 141 | Persian |
| 151 | Sanskrit |
| 161 | Pali |
| 171 | Psychology |
| 181 | History |
| 191 | Islamic History and Culture |
| 201 | Islamic Studies |
| 211 | Philosophy |
| 221 | Education |
| 231 | Archaeology |
| 281 | Inromation and Communication Technology |
| 311 | Geography |
| 321 | Mass Communication and Journalism |
| 331 | Economics |
| 341 | Political Science |

| | |
|---|---|
| 351 | Sociology |
| 361 | Social Welfare/Social Work |
| 371 | International Relations |
| 381 | Public Administration |
| 391 | Home Economics (for female candidates only) |
| 401 | Anthropology |
| 411 | Library and Information Science |
| 421 | Hadith |
| 431 | Tafsir |
| 441 | Drama and Music |
| 451 | Urdu |
| 453 | Akaid |
| 455 | Graphics |
| 457 | Fikha |
| 459 | Modern Arabic |
| 461 | History of Music |
| 463 | Drawing and Painting |
| 465 | Industrial Arts |
| 469 | Fine Arts |
| 471 | Environmental Science |
| 473 | Folk Music |
| 474 | Classic Music |
| 475 | Tagore Music |
| 476 | Nazrul Music |
| 477 | Instrumental Music |
| 511 | Physics |
| 521 | Applied Physics |
| 531 | Chemistry |
| 541 | Applied Chemistry |
| 551 | Mathematics |
| 561 | Applied Mathematics |
| 571 | Geology |
| 581 | Botany |
| 591 | Zoology |
| 601 | Biochemistry |
| 611 | Pharmacy |
| 621 | Soil Water & Environment Science |

| | |
|---|---|
| 631 | Nursery School and Child Development |
| 641 | Child Development |
| 651 | Home management  and Housing |
| 661 | Food and Nutrition |
| 671 | Related Art |
| 681 | Clothing & Textile |
| 691 | Institutional Food Management |
| 701 | Accounting |
| 711 | Finance |
| 721 | Marketing |
| 731 | Management |
| 741 | Business Administration |
| 751 | Law |
| 761 | International Law |
| 861 | Marine Science |
| 871 | Forestry |
| 971 | Computer Science |
| 981 | Statistics |
| 991 | Urban Development |

**Agriculture Subjects Group**

| | |
|---|---|
| 801 | Agriculture |
| 802 | Agricultural Marketing |
| 803 | Agribusiness |
| 804 | Agriculture Business Administration/ Agribusiness Management |
| 811 | Agricultural Economics |
| 821 | Agricultural Engineering |
| 831 | Animal Husbandry |
| 841 | Veterinary Science |
| 851 | Fisheries |

## Engineering Subjects Group

| | |
|---|---|
| 241 | Water Resource Eng. |
| 251 | Mining Engineering |
| 261 | Mineral Engineering |
| 271 | Electronics |
| 478 | Food Engineering |
| 491 | Ceramic |
| 492 | Glass |
| 493 | Graphics |
| 494 | Printing Technology |
| 881 | Civil Engineering |
| 891 | Electrical Engineering |
| 901 | Mechanical Engineering |
| 911 | Chemical Engineering |
| 921 | Metallurgical Engineering |
| 931 | Architecture |
| 941 | Naval Architecture and Marine Engineering |
| 951 | Textile Technology |
| 961 | Leather Technology |

## Medical Science Subjects Group

| | |
|---|---|
| 771 | Medical Science |
| 791 | Dental Science |

## General Cadres/Posts

**110=BCS (Administration)**

**111=BCS (Food)**

**112=BCS (Audit & Accounts)**

**114=BCS (Taxation)**

**115=BCS (Foreign Affairs)**

**116=BCS (Postal)**

**117=BCS (Police)**

**118=BCS (Ansar)**

**119=BCS (Co-operative)**

**120=BCS (Trade)**

**121=BCS (Information), Assistant Director/Information officer/Research officer/Equivalent post**

**122=BCS (Information), Assistant Director(Programme)**

**123=BCS (Assistant Controller of news)**

**124=BCS (Family Planning)**

**125=BCS (Railway Transportation & Commercial)**

## Technical/Professional Cadres/Posts):

226=**BCS (Agriculture) :** Scientific Officer

227=**BCS (Agriculture) :** Agriculture Extension Officer

240=**BCS (Fisheries) :** Upazilla Fisheries Officer

270=**BCS (Livestock) :** Veterinary Surgeon/Scientific Officer/Thana Livestock Officer(Metro)/Lecturer DVM

281=**BCS (Livestock) :** PDO/APO/ Zoo Officer

311=**BCS (Public Works) :** Assistant Engineer(Civil)

312=**BCS (Public Works) :** Assistant Engineer (E/M)

331=BCS (**Roads & Highways**) : Assistant Engineer(Civil)

332=BCS (**Roads & Highways**) : Assistant Engineer (Mechanical)

351= **BCS (Railway Engineering) :** Assistant Mechanical Engineer

352= **BCS (Railway Engineering) :** Assistant Controller Stores

353= **BCS (Railway Engineering) :** Assistant Executive Engineer

354= **BCS (Railway Engineering) :** Assistant Signal & Telecommunication Engineer

355= **BCS (Railway Engineering) :** Assistant Electrical Engineer

410= **BCS (Health) :** Assistant Surgeon

450= **BCS (Health) :** Assistant Dental Surgeon

530=**BCS (Information) :** Assistant Radio Engineer

550=**BCS (Forest) :** Assistant Conservator of Forest

610=**BCS (General Education) :** Lecturer of General Colleges

620=**BCS (General Education) :** Lecturer of Teacher's Training Colleges

640=**BCS (Technical Education) :** Instructor (Technical/ Non-Technical) of Polytechnic/Graphics/Bangladesh Survey and Glass & Ceramic Institute

**[পর্যাপ্ত সময় নিয়ে অতি সতর্কতার সাথে নির্ভুলভাবে নিজে আবেদনপত্র পূরণ করুন এবং নির্ধারিত তারিখ ও সময়ের পূর্বেই ফিসহ আবেদন প্রক্রিয়া সম্পন্ন করুন]**

**[যথাযথ প্রস্তুতি ও নির্দেশনার আলোকে বাংলাদেশ সিভিল সার্ভিস পরীক্ষায় অংশগ্রহণ করুন এবং নির্বাচিত হয়ে দেশ সেবার পবিত্র দায়িত্বপালনের সুযোগ লাভ করুন]**

০৩/১১/২০২৩

**নূর আহ্মদ**
**পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]**
**[যুগ্মসচিব]**